গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

**দিনাজপুর জেলার বিরল উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী**

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি: | জনাব এ,কে,এম, মোস্তাফিজুর রহমান (বাবু)<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর। | তারিখ | : | ২১/১২/২০২৩খ্রিঃ |
| | | সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| | | রোজ | : | বৃহস্পতিবার |
| | | স্থান | : | উপজেলা পরিষদ কনফারেন্স রুম |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” ও “খ” তে সন্নিবেশিত হলো।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা পরিষদের পক্ষে শুভেচ্ছা জানান এবং উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। । সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরলকে অনুরোধ জানান। জনাব বহ্নি শিখা আশা, উপজেলা নির্বাহী অফিসার, উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শুভেচ্ছা জানান। বিরল উপজেলায় তিনি ১২/১২/২০২৩খ্রি: তারিখে যোগদান করেছেন মর্মে সভায় অবহিত করেন এবং উপজেলা পরিষদের মাসিক সভায় সকলের সঙ্গে পরিচিত হন। অত:পর নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। এতে কোন পরিবর্তন/পরিবর্ধন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

| বিভাগের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১।উপজেলা স্বাস্থ্য বিভাগঃ- | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, সার্বিক তত্ত্বাবধানে স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ২। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৩।উপজেলা কৃষি বিভাগ:- | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার |
| ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ: | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তিনি গত ১০/১২/২০২৩খ্রি: তারিখে বিরল উপজেলায় যোগদান করেছেন। বিরল উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ শেষ করা হয়েছে। আগামী ১জানুয়ারি,২০২৪খ্রি: তারিখে বই উৎসব পালন করা হবে মর্মে সভায় আলোচনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, আগামী শনিবার ২৩/১২/২০২৩খ্রি: তারিখ আইসিটি ভবনের ছাদ ঢালাই করা হবে উক্ত দিবসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল এবং ইউএনও মহোদয়কে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /উপজেলা প্রকৌশলী |
| ০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগামী ১১/১১/২০২৩খ্রি: তারিখ হতে অতিদরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চালু হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ৮। উপজেলা পরিঃপরিঃ বিভাগ:- | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন যে, ৯-১৪ডিসেম্বর, ২০২৩খ্রি: তারিখে সেবা সপ্তাহ পালন করা হয়েছে। ১২নং রাজারামপুর এবং ১১নং পলাশবাড়ি ইউনিয়নে পরিবার পরিকল্পনা কেন্দ্র নেই। ইতোপুর্বে উক্ত ইউনিয়ন ০২টিতে পরিবার পরিকল্পনা কেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছিল কিন্তু কোন অগ্রগতি নেই। তাই আবারও প্রস্তাব পাঠানো হবে মর্মে সভায় আলোচনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিঃ পরিঃ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, বিরল, দিনাজপুর। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগ:- | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন যে, তাঁর বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। চলতি বছরে ৯০জন সদস্যকে ঋণ বিতরণ করা হয়েছে। শেখ হাসিনা এওয়ার্ড ভোলেনটিয়ার পুরস্কার দেয়া হবে এ বিষয়ে ১৮-৪৫ বছর বয়সী যুব-যুব মহিলাদের আবেদন করার জন্য আহবান জানান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় বলেন যে, আগামী জানুয়ারি,২০২৩ হতে এনজিও এর মাধ্যমে ভিডব্লিউ বি কার্যক্রম শুরু হবে। মা ও শিশু সহায়তা তালিকা নির্ধারিত সময় পার হলেও তালিকা পাওয়া যায় না। তিনি আগামী ২৫/১২/২০২৩খ্রি: তারিখের মধ্যে তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১২। উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তাঁর বিভাগীয় কাজ এবং ভাতা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৩। উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৪। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫। বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিরল উপজেলায় ১৬০টি সেচ যন্ত্র আছে। গভীর নলকূপের সেচনালা তৈরির কার্যক্রম চলমান। ইতোমধ্যে ১৮টি ট্রান্সফরমার চুরি হয়েছে এ বিষয়ে আগামী ২৬/১২/২০২৩খ্রি: তারিখে একটি সভা অনুষ্ঠিত হবে মর্মে সভায় অবহিত করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ |
| ১৬। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কে অনুরোধ করা হয় | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭।উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৮।পল্লী বিদ্যুৎ সমিতি, বিরল জোন | জনাব মো: মামুনুর রশিদ, ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, দিনাজপুর-১, বিরল জোনাল অফিস জানান তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, দীর্ঘদিনের পুরাতন লাইন মেরামত এবং পুরাতন পোল সরানোর কাজ চলছে। দাতব্য চিকিৎসালয়, আবাসিক ভবন এবং ব্যবসা প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে কোন কাগজপত্রের প্রয়োজন নেই। আগামী ২৩/১২/২০২৩খ্রি: তারিখে সকাল ৬.০০-দুপুর ২.০০টা পর্যন্ত লোডসেডিং থাকবে মর্মে অবহিত করেন। | চলমান কার্যক্রম অব্যাহত জন্য ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বিরল জোনকে অনুরোধ করা হয়। | ডিজিএম, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, বিরল জোন। |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগ:- | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। গত ২৩/১১/২০২৩খ্রি; তারিখ হতে আমন ধান সংগ্রহ অভিযান চালু আছে। আমন ধান ক্রয়ের লক্ষমাত্রা=১০৫৯ মে:টন এবং চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা=২৯৮৫মে: টন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরল সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, বিরল সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিরল উপজেলায় সর্বমোট-১১০ সমিতির মধ্যে ৮৫টি সক্রিয় আছে। চাকুরীজীবিদের ঋণ দেয়া হয়। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, বিরল |

<table>
<tr>
<td>২৩। বন বিভাগঃ</td>
<td>বন কর্মকর্তা সভায় জানান যে, ১০নং রানীপুকুর ইউনিয়ন পরিষদের রেজুলেশনের সিদ্ধান্ত অনুযায়ী নীলাডাঙ্গী হতে দুয়ের ডাড়া ব্রীজ ও দুয়ের ডাড়া ব্রিজ হতে সীমান্ত রাস্তা দিয়ে মৃত হাচেন নাপিতের মোড় পর্যন্ত বাগানের ফটোকপি চুক্তিনামায় উল্লিখিত উপকারভোগীগণই প্রকৃত উপকারভোগী । তাই উক্ত বাগানের উপকারভোগীদের মাঝে বনায়ন বিধিমালা-২০০৪ ও উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী লভ্যাংশ বন্টনের জন্য সভায় আলোচনা করেন।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য বন কর্মকর্তা, বন বিভাগকে অনুরোধ করা হলো।চুক্তিনামায় উল্লিখিত উপকারভোগীদের মাঝে বনায়ন বিধিমালা-২০০৪ ও উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী লভ্যাংশ বন্টনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।</td>
<td>ফরেষ্টার<br>সামাজিক<br>বন বিভাগ</td>
</tr>
<tr>
<td>২৪। ইউআরসি</td>
<td>ইন্সট্রাক্টর, ইউআরসি, বিরল জানান যে, ২০২১ নতুন কারিকুলামে ২৭ ব্যাচ প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৮০ জনকে প্রশিক্ষণ দেয়ার কাজ চলমান আছে।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, ইউআরসি, বিরল অনুরোধ করা হলো।</td>
<td>ইন্সট্রাক্টর,ইউআরসি<br>বিরল, দিনাজপুর।</td>
</tr>
<tr>
<td>২৫। ইসলামিক ফাউন্ডেশন</td>
<td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরল, দিনাজপুর সভায় জানান যে, ইসলামিক ফাউন্ডেশন এর অধিনে মসজিদ ভিত্তিক ১৩০ টি স্কুলে কার্যক্রম চলছে। মডেল মসজিদের ইমামকে অব্যহতি দেয়া হয়েছে। নতুন ইমাম নিয়োগ দেয়া হয়নি।</td>
<td>চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য ফিল্ড সুপারভাইজারকে অনুরোধ করা হয়।</td>
<td>ফিল্ড সুপারভাইজার,<br>ইসলামিক<br>ফাউন্ডেশন,</td>
</tr>
<tr>
<td>২৬। উপজেলা নির্বাহী অফিসার</td>
<td>(ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যন, উপজেলা নির্বাহী অফিসারের নভেম্বর/২০২৩খ্রি: মাসের পত্রিকা বিল =৩১৬৪/-(তিন হাজার একশত চৌষট্টি) টাকা ব্যয় করা হয়েছে।</td>
<td>উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর নভেম্বর/ ২০২৩খ্রি: মাসের পত্রিকা বিল =৩১৬৪/-(তিন হাজার একশত চৌষট্টি) টাকা ব্যয় করা হয়েছে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের (বিবিধ) খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td></td>
<td>খ) উপজেলা নির্বাহী অফিসার নভেম্বর/২০২৩খ্রি: মাসে উপজেলা পরিষদের মাসিক আয় ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>নভেম্বর/২০২৩খ্রি: মাসে আয়</th><th>নভেম্বর/২০২৩খ্রি: মাসে ব্যয়</th></tr>
<tr><td>১। ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হতে আয় টা:= -<br>২। বাসাবাড়ী হতে =-</td><td>১।সম্মানীভাতা =৯৪,০০০/-<br>২। ভ্রমণ ভাতা =১২,৫০০/-<br>৩। ভাইস চেয়ারম্যান আপ্যায়ন =৮,০০০/-<br>৪। আপ্যায়ন =৩০,০০০/-<br>৫। আনুষাংগিক =৫,০০০/-<br>৬। মালির দৈ:ম: = ১৬,৫০০/-<br>৭। সুইপার =১১,০০০/-<br>৮। জীপগাড়ী জ্বালানী =২৬,৫১২/-<br>৯। পত্রিকা বিল =৩১৬৪/-/-<br>১০। বাসাবাড়ী মেরামত =৩,৩৩,১৪১/-<br>১১। আসবাবপত্র =১,২৫,০২৪/-<br>১৩। সিসি ক্যামেরা ক্রয়/স্থাপন =২,৫৩,১২০/-</td></tr>
<tr><td>সর্বমোট= নাই</td><td>সর্বমোট= ৯,১৭,৯৬১/-</td></tr>
</table>
</td>
<td>প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় আয়-ব্যয়ের হিসাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১)চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br>(২)উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td></td>
<td>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, জনাব এ. কে. এম মোস্তাফিজুর রহমান বাবু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর নিম্নোক্তভাবে ভ্রমণ বিলগুলি দাখিল করেছেন।
<table>
<tr><th>মাসের নাম</th><th>দি: সংখ্যা</th><th>দৈ: হার</th><th>মোট টাকা</th></tr>
<tr><td>নভেম্বর/২০২৩</td><td>২০দিন</td><td>৬২৫/-</td><td>১২,৫০০/-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>-</td><td>-</td><td>১২,৫০০/-</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে এ. কে. এম মোস্তাফিজুর রহমান বাবু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর এর নভেম্বর/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ =১২,৫০০/-(বার হাজার পঁচিশ) মাত্র টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হল।</td>
<td>১)চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br>(২)উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বিরল | সহকারী প্রোগ্রামার আইসিটি, বিরল, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের কনফারেন্স রুমে পর্যাপ্ত মাইক্রোফোন না থাকায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ তাদের নিজ নিজ বিভাগের বিভিন্ন আলোচনা ও গুরুত্বপূর্ণ তথ্য সভায় উপস্থাপনের ক্ষেত্রে প্রায়শ:ই বিঘ্ন সৃষ্টি হচ্ছে মর্মে ইউপি চেয়ারম্যানগণ পর্যাপ্ত মাইক্রোফোন এবং সাউন্ড সিস্টেম ক্রয়/স্থাপনের জন্য অনুরোধ করেন। সে প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম খাত হতে উপজেলা পরিষদের কনফারেন্স রুমে মাইক্রোফোন, সাউন্ড সিস্টেম ক্রয়/স্থাপন এবং উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য ১(এক)টি মনিটর, ০২(দুই)টি কালার প্রিন্টার ক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরল,দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম খাত হতে উপজেলা পরিষদের কনফারেন্স রুমে মাইক্রোফোন, সাউন্ড সিস্টেম ক্রয়/স্থাপন এবং উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহারের জন্য ১(এক)টি মনিটর, ০২(দুই)টি কালার প্রিন্টার ক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হলো। | ১)চেয়ারম্যান উপজেলা পরিষদ/ (২)উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ২৭। বিরল পৌরসভা | বিরল পৌরসভার প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। তিনি জানান যে, বিরল পৌরসভায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মেয়র, বিরল পৌরসভাকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | মেয়র বিরল পৌরসভা |
| ২৮। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, গত ২৯/১০/২০২৩ হতে ১৮/১১/২০২৩খ্রি: পর্যন্ত ৫ম ধাপ (২১দিন মেয়াদী )অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ শেষ হয়েছে। গত ০৫/১১/২০২৩খ্রি: হতে ৭৫দিন মেয়াদী সেলাই প্রশিক্ষণ শুরু হয়েছে। স্থানীয় প্রশাসনের চাহিদার প্রেক্ষিতে আইন-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত বিরল উপজেলায় ১০টি পয়েন্টে ২সিফটে ৫০জন আনসার ও ভিডিপি সদস্যকে দায়িত্ব পালনের জন্য মোতায়েন করা হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৯। আইসিটি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান যে, ২৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের তথ্য পাঠানো হয়েছে। পল্লীবিদ্যুৎ/মহিলা বিষয়ক অফিসের ওয়েব পোটাল হালনাগাদ নেই। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সহকারী প্রোগ্রামার, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো। ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ে সংশ্লিষ্টদের সহযোগিতার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হলো | সহকারী প্রোগ্রামার (আইসিটি), বিরল, দিনাজপুর। |
| ৩০।উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপম্যান্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>ক। উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল আপডেট এবং এলজিডি-এমআইএস-এ তথ্য হালনাগাদ করণ বিষয়ে আলোচনা করেন। তিনি গত ১৫ নভেম্বর,২০২৩খ্রি: তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ১২তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার এবং স্থানীয় সরকার বিভাগের এমআইএস এ তথ্য হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যার প্রেক্ষিতে গত ১৮ডিসেম্বর,২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব স্বাক্ষরিত স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৪.০০৯.২৩.১০৭৯ একটি পত্র দেয়া হয়। উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্য সহ নিম্নেবর্ণিত তথ্যসমূহ হালনাগাদ থাকতে হবে:<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী<br>২) ১৭টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী<br>৩) অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট<br>৪) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা<br>৬) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রতিবেদন।<br>৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউডিএফ/সকল দপ্তর প্রধানদেরকে অনুরোধ করা হলো একই সঙ্গে ওয়েব পোর্টাল আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার আইসিটিকে অনুরোধ করেন। | ইউডিএফ/সহকারী প্রোগ্রামার, আইসিটি/সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, বিরল, দিনাজপুর। |
| | খ। ষষ্ঠ পর্যায়ে (২০২১-২০২২) অবকাঠামো উন্নয়ন অর্থ বছরের উপ-প্রকল্প বাস্তবায়ন ও বিল প্রেরণ।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ষষ্ঠ পর্যায়(২০২১-২০২২) অবকাঠামো উন্নয়ন অর্থ বছরের উপ-প্রকল্পের তিনটি প্রকল্পের মধ্য ১নং প্রকল্পটি হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নীচু বেঞ্চ বিতরণ, যেটি এখনো বিতরণ ক রা হয়নি। ২নং প্রকল্পটি হলো বিরল উপজেলার মুন্সিপাড়া উচ্চ বিদ্যালয়ে হাইজিন কর্নার নির্মাণ, এটির কাজ চলমান রয়েছে। ৩নং প্রকল্পটি হলো ৪নং শহরগ্রাম ইউনিয়নের গগণপুর বড়ব্রীজ হতে গগণপুর চৌরাস্তা ভায়া এনামুলের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ, এটির কাজ চলমান রয়েছে। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের স্বাক্ষরিত অনুমোদন পত্রের অনুসরনীয় | নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, বিরল, দিনাজপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী/ইউডিএফ, বিরল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | শর্তাবলী মোতাবেক আগামী ফেব্রুয়ারি,২০২৪ এর মধ্যে কাজ সমাপ্ত করে বিল /ভাউচার প্রকল্প অফিসের প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়েছে মর্মে সভায় আলোচনা করেন। | | |

সভাপতি বিরল উপজেলার দপ্তর প্রধানদেরকে মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী এমপি মহোদয়ের নির্দেশনা মোতাবেক সুষ্ঠু ও সুন্দরভাবে কাজ করার জন্য অনুরোধ জানান । স্থায়ী কমিটির মিটিং নিয়মিত অনুষ্ঠানের জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এ, কে, এম, মোস্তাফিজুর রহমান (বাবু)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরল, দিনাজপুর।
www.birol.dinajpur.gov.bd

স্মারকনং-০৫.৫৫.২৭১৭.০০০.০০৮.০০১.২৩- ২০৭৭

তারিখ: ২১/১২/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১. জনাব খালিদ মাহমুদ চৌধুরী, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, **নৌ-পরিবহন মন্ত্রণালয়, ভবন নং- ০৬, ৯ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
০২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪.সচিব, **নৌপরিবহন মন্ত্রণালয়, ভবন নং-০৬, ৯ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
০৫.সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬.কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৭.প্রকল্প পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগাম, ডিজিটাল একসেস, ঢাকা।
০৮.পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
০৯.জেলা প্রশাসক, দিনাজপুর।
১০.উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
১১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
১২.মেয়র, বিরল পৌরসভা, দিনাজপুর।
১৩.ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
১৪.উপজেলা ....................অফিসার, বিরল, দিনাজপুর।
১৫.জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১,বিরল জোনাল অফিস, দিনাজপুর।
১৬.চেয়ারম্যান,............... ইউনিয়ন পরিষদ (সকল), বিরল, দিনাজপুর।
১৭.জনাব.........................,..................... সংরক্ষিত মহিলা সদস্য,...... নং ওয়ার্ড ,... নং ইউ.পি, বিরল, দিনাজপুর।
১৮.জনাব.....................................বিরল, দিনাজপুর।
১৯.অফিস কপি।

২১/১২/২৩

(বহ্নি শিখা আশা)
উপজেলা নির্বাহী অফিসার
বিরল, দিনাজপুর।